

Handwritten signature and date: 23/8

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা
নির্বাচন সহায়তা-২ শাখা
www.ecs.gov.bd

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০১২.২৩-৩০৮

তারিখঃ ০৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

পরিপত্র-১

বিষয়ঃ বিশেষ এলাকাসমূহে ভোটার নিবন্ধন কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে করণীয়।

রোহিঙ্গা অধ্যুষিত বিশেষ এলাকায় বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা ও ভীনদেশী কোন নাগরিক যেন ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হতে না পারে এবং প্রকৃত বাংলাদেশী নাগরিকদের ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে নতুন ভোটার অন্তর্ভুক্তিসহ অন্যান্য সময় ভোটার তালিকা বা জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত বিভিন্ন কাজ সহজীকরণের লক্ষ্যে কতিপয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়, যা নিম্নরূপ:

(ক) চট্টগ্রাম অঞ্চলের ৫টি জেলা(চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) এর সকল এলাকাকে বিশেষ এলাকা ঘোষণা করা হয়।

(খ) বিশেষ এলাকাসমূহের নাগরিকগণকে ভোটার নিবন্ধনের জন্য তিনটি ক্যাটাগরিতে বিভক্ত করা হয়, যা নিম্নরূপ:

ক্যাটাগরি	যে সকল বৈধ প্রমাণাদি/দলিলাদি বিবেচনায় নেওয়া যেতে পারে	আবেদন নিষ্পত্তির জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
A	<p><u>এসএসসি/সমমান বা তদুর্ধ্ব সনদ থাকলে-</u></p> <ol style="list-style-type: none">এসএসসি/সমমান বা তদুর্ধ্ব অনলাইন সনদভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন জন্ম নিবন্ধন সনদভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন নাগরিকত্ব সনদবাবা-মায়ের জাতীয় পরিচয়পত্র <p>উল্লেখ্য, সরকারী চাকরিজীবীর সন্তান "A" ক্যাটাগরিভুক্ত হবে। এক্ষেত্রে সরকারী চাকরির প্রমাণ স্বরূপ অফিস প্রধান কর্তৃক সত্যায়িত সার্ভিস বহির কপি, নিয়োগপত্র, যোগদানপত্র প্রদান করতে হবে।</p>	সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার সরাসরি সম্পন্ন করবেন।
B	<p><u>এসএসসি/সমমান বা তদুর্ধ্ব সনদ না থাকলে-</u></p> <ol style="list-style-type: none">ভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন জন্ম নিবন্ধন সনদভেরিফাইয়েবল QR কোডযুক্ত অনলাইন নাগরিকত্ব সনদবাবা-মায়ের AFIS যাচাইস্থায়ী বাসিন্দা সনদ (জেলা প্রশাসন/পার্বত্য অঞ্চলের ক্ষেত্রে রাজা কর্তৃক প্রদত্ত)ভূমিহীন সনদ, অনলাইন ভেরিফাইয়েবল ভূমি উন্নয়ন কর প্রদানের রশিদ/পর্চা (প্রযোজ্য ক্ষেত্রে)পাসপোর্ট (যদি থাকে)ড্রাইভিং লাইসেন্স (যদি থাকে) <p>উল্লেখ্য, বাবা-মায়ের মধ্যে একজন বেঁচে থাকলে এবং তিনি ভোটার হয়ে থাকলে তার AFIS যাচাই এবং অন্যজনের অনলাইন মৃত্যু সনদ দাখিল করতে হবে। আর বাবা-মা কেউ বেঁচে না থাকলে উভয়ের অনলাইন মৃত্যু সনদ দাখিল করতে হবে।</p>	সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার সরাসরি সম্পন্ন করবেন।
C	বিশেষ এলাকার যে সকল বাসিন্দা ভোটার নিবন্ধনের ক্ষেত্রে ক্যাটাগরি "A" এবং ক্যাটাগরি "B" এর আওতায় পড়বে না, তাদের ভোটার নিবন্ধন কার্যক্রম বিশেষ কমিটির মাধ্যমে সম্পন্ন করা হবে।	বিশেষ কমিটির মাধ্যমে সম্পন্ন করতে হবে।

Handwritten signature